দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. ২৭ 199[illegible]
পৃষ্ঠা ৬ কলাম ৬

০৮

# হোমিওপ্যাথিক কলেজে সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনার আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ গত ১৯শে আগষ্ট চট্টগ্রাম হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিষদ কমিটির একসভা কমিটির চেয়ারম্যান ও ওয়ার্ড কমিশনার আলহাজ্ব এমম মালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা অবিলম্বে লাভলেইনস্থ চট্টগ্রাম হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

সভায় এব্যাপারে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। এনায়েত বাজার ওয়ার্ড কমিশনারের কার্যালয়ে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন, আলহাজ্ব খন্দকার জহির আহমদ, মকসুদ আহমদ সর্দার, অধ্যক্ষ ডাঃ ফেরদৌসী আহমদ, শাহেব জাদা মুফতি মাওলানা মনিরুল মান্নান কুতুবী, ডাঃ তেজেন্দ্র নারায়ণদাশ, ডাঃ ভুপাল চন্দ্র নাথ, ডাঃ কাজী আইউব আলী প্রমুখ।